



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮২.১৭.১২-৬৯০

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের পুরস্কার নীতিমালা প্রেরণ এবং নীতিমালার আলোকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় গ্রামীণ অসহায়, দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারীদের সংগঠিত করে বিভিন্ন আয়বর্ধক কর্মকাণ্ডে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান করে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী হিসেবে গড়ে তোলার কার্যক্রম অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট সকলের সমন্বিত উদ্যোগের ফলে দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নসহ প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে। প্রকল্পের কার্যক্রমকে আরও গতিশীল করা এবং গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে ভাল কাজের আগ্রহ, উদ্দীপনা ও প্রতিযোগিতা সৃষ্টিসহ প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রকল্পের সুফলভোগী সদস্য ও কর্মকর্তা-কর্মচারীদেরকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের জন্য প্রকল্পের পুরস্কার নীতিমালা প্রণয়ন করা হয়েছে। দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের জন্য প্রণীত পুরস্কার নীতিমালার ০১ প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। পুরস্কার নীতিমালা অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করতে হবে।

২। প্রণীত পুরস্কার নীতিমালার আলোকে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের ক্ষেত্রে ২০১৬-২০১৭ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম বিবেচনাসহ অন্যান্য সকল ক্ষেত্রে প্রকল্পের শুরু হতে সেপ্টেম্বর/২০১৭ খ্রিঃ পর্যন্ত কার্যক্রম পর্যালোচনা করতঃ পুরস্কারের জন্য যোগ্য প্রার্থী মনোনয়ন দিতে হবে। প্রণীত পুরস্কার নীতিমালা (পরিশিষ্ট ১-৭ এর নম্বর বন্টনের নির্ধারিত ফরম অনুযায়ী) অনুসরণপূর্বক পুরস্কার প্রদানের লক্ষ্যে সুফলভোগী সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী মনোনয়নের ক্ষেত্রে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত ক্যাটাগরির জন্য উপজেলা কমিটি হতে এবং জেলা কমিটি কর্তৃক নির্ধারিত ক্যাটাগরিসহ উপজেলা কমিটি কর্তৃক সুপারিশের আলোকে অন্যান্য ক্যাটাগরির মনোনয়নের সুপারিশসহ আগামী ৩০/১১/২০১৭ খ্রিঃ মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য বর্ণিত সময়ের মধ্যে কোন জেলা হতে মনোনয়নসহ প্রস্তাব প্রেরণ করা না হলে পুরস্কারের জন্য উক্ত জেলার কোন প্রার্থী নেই মর্মে উক্ত জেলার কোন প্রার্থীকে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
জেলাঃ-----।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮২.১৭.১২-৬৯০

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিষ্টাব্দ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।

২. জেলা প্রশাসক, জেলাঃ-----।

৩. জেলা কৃষি/মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলাঃ-----।

৪. উপ-প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

৫. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ-----জেলাঃ-----।

৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ-----জেলাঃ-----।

(পুরস্কার নীতিমালার আলোকে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত ক্যাটাগরির প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করে আগামী ১০/১১/২০১৭ খ্রিষ্টাব্দের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক বরাবর প্রেরণ করতে অনুরোধ করা হলো।)


৬. উপজেলা কৃষি/মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলাঃ-----জেলাঃ-----।

৭. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৯. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।

১০. সংশ্লিষ্ট নথি।

  
৯/১০/১৭  
(মোঃ সিফাত আজাদ)  
সহকারী পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।